

## বাংলাদেশ দূতাবাস আঙ্কারা, তুরস্ক

### এনডিসি, এএফডব্লিউসি (ওএসটি) দলের তুরস্ক সফর

২৩ সেপ্টেম্বর ২০২২/আঙ্কারা, তুরস্কঃ গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শামীম কামাল, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল এর নেতৃত্বে Armed Forces War Course-2022 -এর ২৬ সদস্যের একটি প্রতিনিধিদল Overseas Study Tour (OST) -এ তুরস্কে আগমন করেন। প্রতিনিধিদলটি আঙ্কারায় অবস্থানকালে Partnership for Peace Training Center Command, Director, Colonel Oğuzhan PEHLİVAN, Coe-Defence Against Terrorism Command ও Land Forces Command পরিদর্শন এবং প্রতিনিধিদলের প্রধান PfP ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট Colonel Melih ŞİMŞEKER এর সাথে সাক্ষাৎ করেন। একইদিন দলটির প্রধান Land Forces Command, Chief of Operations, Major General Rafet Kılıç - এর সাথেও সাক্ষাৎ করেন।

তুরস্কে অবস্থানকালে প্রতিনিধিদলটি আধুনিক তুরস্কের প্রতিষ্ঠাতা মুস্তাফা কামাল আতাতুর্ক এর সমাধিতে পুষ্পস্তবক অর্পন, Special Forces Command, ANITKABIR মিউজিয়াম, Anatolian Civilizations Museum, Ankara Castle, ASELSAN Def Industry, Turkish Aerospace Industries (TAI) Ges Presidency of Defence Industries (SSB), হার্ভিয়ে মিলিটারি মিউজিয়াম, ব্লু মস্ক , হাজী সোফিয়া মস্ক, তোপকাপি প্যালেস ট্যুর, ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটি এবং মাল্টিন্যাশনাল জয়েন্ট ওয়ারফেয়ার সেন্টার, Baykar Technology Company, বসপরাস বোট ট্যুর এবং 1st Army Command ও İstanbul Shipyard Command পরিদর্শনের মধ্যে দিয়ে ট্যুর প্রোগ্রামের সমাপ্তি হয়।

উল্লেখ্য যে, মান্যবর রাষ্ট্রদূত জনাব মসযুদ মান্নান, এনডিসি প্রতিনিধিদলের আগমন উপলক্ষ্যে দূতাবাসের “বিজয় একান্তর মিলনায়তন”-এ একটি সংবর্ধনা ও নৈশভোজের আয়োজন করেন।

পরিশেষে, প্রতিনিধিদলটি ২৩ সেপ্টেম্বর ২০২২ তারিখে ঢাকার উদ্দেশ্যে ইস্তাম্বুল ত্যাগ করেন। এ সময় প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশেদ ইকবাল, এনডিসি, পিএসসি, জি প্রতিনিধিদলকে বিমানবন্দরে বিদায় জানান।

=====